

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন  
জেলা: বান্দরবান

	
	
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>	
	
তারিখ : (০৩ জুলাই, ২০১৯) বুলেটিন নং ৫৬	০৩ জুলাই হতে ০৭ জুলাই, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ২৯ জুন হতে ০২ জুলাই, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	২৯ জুন	৩০ জুন	০১ জুলাই	০২ জুলাই
বৃষ্টিপাত (মি.মি)	২৭.৬	২৭.৬	২৫.৬	১৬.৬
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৪.০	৩৪.০	৩৩.০	৩২.০
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৭.০	২৭.০	২৭.০	২৬.০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৯.০-৯৬.০	৬৯.০-৯৬.০	৭১.০-৯৭.০	৭৮.০-৯৭.০
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১.১	৯.২	১১.১	১৪.৮
মেঘের পরিমাণ (অঙ্ক)	৬	৬	৬	৭
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস  
(০৩ জুলাই হতে ০৭ জুলাই, ২০১৯) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মিমি)	৩২৬.৭
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৯.৬
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.৭
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৭.৪-৯৫.৪
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৬.৫
মেঘের পরিমাণ (অঙ্ক)	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

### দন্ডায়মান ফসলের স্তর

ফসল	স্তর
আমন ধান	বীজতলা
আউশ ধান	কুশি পর্যায়
পাট	বাড়ন্ত পর্যায়
সবজি	বপন/বাড়ন্ত/ফল পর্যায়

### কৃষি আবহাওয়া পরামর্শ:

- যথেষ্ট বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায় দন্ডায়মান ফসলে আন্ত পরিচর্যা, বালাইনাশক ও সার প্রয়োগ বন্ধ রাখুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করুন।
- আউশ ধানের জমিতে পানির স্তর ৫-৭ সে.মি. বজায় রাখুন।
- রোগবলাই থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন।
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে পাটে বিছা পোকা ও সেমিলুপার এর আক্রমণ দেখা দিতে পারে। মাঠ পর্যবেক্ষণ করতে হবে। আক্রমণ দেখা দিলে বৃষ্টিপাতের পর প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে।
- বেগুন ও মরিচের চারা রোপণের উপযোগী হলে ৬০ সেমি X ৬০ সেমি দূরত্বে চারা রোপণ করুন। জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করে খরিফ মৌসুমের সজি যেমন টেঁড়শ, কুমড়া, শশা, ধুন্দুল, লাউ এর বীজ বপন করুন।
- ঝোড়ো বাতাসের হাত থেকে রক্ষার জন্য কলা গাছে খুঁটির ব্যবস্থা করুন।
- মৌসুমী বৃষ্টিপাতের কারণে কলায় সিগাটোকা রোগ হবার সম্ভাবনা রয়েছে। প্রতিরোধের জন্য ২০গ্রাম/লিটার হারে সিউডোমোনাস স্প্রে করুন। আক্রমণ বেশি হলে ২ মিলি হেক্সাকোনাভল অথবা ১ মিলি প্রোপিকোনাভল ১ লিটার পানিতে মিশিয়ে পাতার দুই পাশে স্প্রে করুন।
- যেহেতু যথেষ্ট বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, পুকুরে পানি জমবে কাজেই মাছের পোনা ছাড়ার পরামর্শ দেওয়া হলো। বৃষ্টিপাতের পানিতে পুকুর ভরে গেলে ব্যাকটেরিয়াজনিত রোগ হওয়ার সম্ভাবনা থাকে। এটি থেকে রক্ষার জন্য পুকুরে বিঘা প্রতি ৬ কেজি চুন প্রয়োগ করুন। এছাড়াও পুকুরের চারপাশে উঁচু করে বাঁধ দিন। সম্ভব হলে জাল অথবা বাঁশের চাটাই দিয়ে পুকুর ঘিরে দিন যাতে আকস্মিক বন্যার পানিতে মাছ ভেসে যেতে না পারে।
- আগামী ০৫ দিন ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায় গবাদি পশুর শেডে পর্যাপ্ত খাবার রাখুন।
- মুরগীর বাচ্চা শুষ্ক স্থানে রাখুন। নিয়মিত বালাইনাশক স্প্রে করুন।
- আগামী ০৫ দিন যথেষ্ট বৃষ্টিপাতের সম্ভাবনা থাকায় জমে থাকা পানি নিষ্কাশন করে আম, পেয়ারা ও নারকেল চারা লাগানোর জন্য গর্ত তৈরি করুন।